



সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।



সুবর্ণজয়তীর অঙ্গীকার
দেশকীয় বাহক হবে সবার

নং-প্রকা/বিডিভি/সেবা/২৭৩

তারিখ : ২৫ এপ্রিল ২০২৩

“সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি” কর্তৃক ৪ৰ্থ ত্রৈমাসিকে (এপ্রিল-জুন, ২০২৩) বাস্তবায়নত্ব্য সেবা প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জসীম উদ্দিন খান, ডেপুটি জেনারেল ম্যানেজার ও কমিটি প্রধান, সেবা প্রদান প্রতিশ্রুতি
সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।

সভার স্থান : সভাপতি মহোদয়ের কক্ষ (কক্ষ নং-৫০৬), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ ও সময় : ২৫ এপ্রিল ২০২৩ তারিখ (মঙ্গলবার), বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

১.০০ : সভাপতি মহোদয় উপস্থিতি সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে তা শতভাগ বাস্তবায়নের জন্য কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান। একইসাথে সাফল্যের এই ধারাবাহিকতা অব্যাহত রেখে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল সূচকে শতভাগ লক্ষ্য অর্জনের জন্যও সবাইকে অনুপ্রাণিত করেন। এ সময় তিনি সিটিজেন চার্টার ত্রৈমাসিক ডিভিতে হালনাগাদকরণ ও ওয়েবসাইটে প্রদর্শনসহ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন এবং মাঠ পর্যায়ে প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করেন।

২.০০ : সভায় বিস্তারিত আলোচনা শেষে ৪ৰ্থ ত্রৈমাসিকে (এপ্রিল-জুন, ২০২৩) বাস্তবায়নের নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহীত হয়-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজন।	চলতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন সকল জেনারেল ম্যানেজার'স অফিস ও জিএম হেডেড কর্পোরেট শাখার সমন্বয়ে সভা আয়োজন করতে হবে।	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
০২	সিটিজেনস চার্টার হালনাগাদকরণ ও ওয়েবসাইটে প্রদর্শন।	চলতি ত্রৈমাসিকে সিটিজেনস চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
০৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা- কর্মচারীদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন।	চলতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন এবং হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
০৪	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	চলতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে উপরোক্ত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের আহবান জানিয়ে সভার
সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জসীম উদ্দিন খান)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ও

কমিটি প্রধান

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।